

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০২২.১৮- ২৬ (২৬০০)

তারিখ- ৩০/০১/২০১৮ খ্রি.


বিষয়ঃ জাতীয় মৎস্য পুরস্কার ২০১৮ এর প্রার্থী মনোনয়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পুরস্কার প্রদান করা হয়ে থাকে। জাতীয় মৎস্য পুরস্কার প্রদান সরকার অনুমোদিত মৎস্য সম্পদ উন্নয়নে পুরস্কার প্রদানের নীতি ও পদ্ধতি, ২০১০ (সংশোধিত-২০১৩) অনুসারে পরিচালিত হয়। ২০১৮ সালের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে ২০১৭ খ্রি. পঞ্জিকা বর্ষ (জানুয়ারী-ডিসেম্বর) হিসেবে বিবেচনা করতে হবে। উল্লেখ্য, প্রার্থী মনোনয়নের নির্দিষ্ট ফরম উপজেলা কমিটি অনুমোদনপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করবে। জেলা কমিটি সুপারিশসহ প্রার্থী মনোনয়ন তালিকা মৎস্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবে। আরোও উল্লেখ্য থাকে যে, ২০১৭ সালের অনুমোদিত উপজেলা/জেলা/পার্বত্য জেলার জন্য গঠিত কমিটি সমূহ প্রার্থী নির্বাচনের জন্য বহাল থাকবে। কোন উপজেলা/জেলা/বিভাগ হতে যোগ্য প্রার্থী নেই মর্মে কোন পত্র গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত নীতি ও পদ্ধতি এবং ফরমসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো। এছাড়াও এ সকল তথ্যাদি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট www.fisheries.gov.bd এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, জাতীয় মৎস্য পুরস্কার ২০১৮ এর প্রার্থী মনোনয়ন প্রস্তাব আগামী ১৫/০২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১. মৎস্য সম্পদ উন্নয়নে পুরস্কার প্রদানের নীতি ও পদ্ধতি, ২০১০ (সংশোধিত ২০১৩ সহ)
২. প্রার্থী মনোনয়নের ১২ টি ক্ষেত্রের ফরম।


(সেয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ইমেইল: dg@fisheries.gov.bd


১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।— তাঁকে এতদসঙ্গে সংযুক্ত নীতি ও পদ্ধতি এবং প্রার্থী মনোনয়নের ১২ টি ক্ষেত্রের নির্দিষ্ট ফরম ও কমিটিসমূহ অধিনস্থ জেলা মৎস্য কর্মকর্তাগণকে সরবরাহ ও মনোনয়ন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
২. জেলা মৎস্য কর্মকর্তা,..... ও সদস্য সচিব, জাতীয় মৎস্য পুরস্কার সম্পর্কিত জেলা কমিটি।— তাঁর অধিনস্থ সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী মনোনয়নের নির্দিষ্ট ফরম ও নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০২২.১৮-

তারিখ- ০১/২০১৮ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি ও সভাপতি জাতীয় মৎস্য পুরস্কার সম্পর্কিত জেলা কমিটি
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা
৩. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৪. ডীন/বিভাগীয় প্রধান/চেয়ারম্যান, মাৎস্য বিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/ খুলনা বিশ্ববিদ্যালয়/ রাজশাহী বিশ্ববিদ্যালয়/ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম ভেটেরিনারী এন্ড এ্যানিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/.....
৫. জেলা প্রশাসক,.....
৬. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. উপজেলা চেয়ারম্যান,.....
৯. উপজেলা নির্বাহী অফিসার,.....
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. দপ্তর নথি।


(মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন-০২৯৫৬১৫৯২

ই-মেইল: goljar159@gmail.com